



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
প্রশাসন-২ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা।
www.erd.gov.bd



স্মারক নং-০৯.০০.০০০০.০৭৩.১২.০০১.১৭-১৩২

তারিখ: ২৫ মাঘ ১৪২৮ ব.
০৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়-এর স্মারক নং- ৮০.০০.০০০০.১০৮.১২.০০৭.২২-৪৬ তারিখ: ০৩/০২/২০২২ খ্রি. মূলে সুপারিশের পরিপ্রেক্ষিতে এবং সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী অর্থনৈতিক সম্পর্ক বিভাগের 'কম্পিউটার অপারেটর' হতে পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য 'সহকারী প্রোগ্রামার' এর ০১ (এক) টি স্থায়ী শূন্য পদে নিম্নবর্ণিত ০১ (এক) জন কর্মচারীকে অস্থায়ী ভিত্তিতে 'সহকারী প্রোগ্রামার' পদে পদোন্নতি প্রদান করা হলো:

ক্রঃ নং	গ্রেডেশন নং	নাম ও বর্তমান পদবি	পদোন্নতিপ্রাপ্ত পদের নাম	চাকুরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ অনুযায়ী বেতনক্রম
০১.	০১	মোঃ রেজাউল করিম খান কম্পিউটার অপারেটর	সহকারী প্রোগ্রামার	৯ম গ্রেড ২২,০০০-৫৩,০৬০/-

২। উক্ত পদোন্নতি তীর যোগদানের তারিখ হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে কার্যকর হবে:

- সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর ৬(১) (খ) বিধি অনুযায়ী উক্ত কর্মচারী অস্থায়ীভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত 'সহকারী প্রোগ্রামার' পদে যোগদানের তারিখ হতে ০১ (এক) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিসকাল অতিরিক্ত আরও ০১ (এক) বছর বৃদ্ধি করতে পারবেন;
- শিক্ষানবিস মেয়াদকালে তীর আচরণ ও কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে তীর পূর্বতন পদে প্রত্যাবর্তন (Revert) করতে পারবেন;
- সরকারের প্রচলিত বিধি অনুযায়ী শিক্ষানবিসকালের মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়া এবং নিয়োগ বিধিমালায় বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে তীর চাকুরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে;
- এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তীর চাকুরি সরকারের প্রচলিত বিধি ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(জিনাত রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৪৮১১১৭৪৪

স্মারক নং-০৯.০০.০০০০.০৭৩.১২.০০১.১৭-১৩২

তারিখ: ২৫ মাঘ ১৪২৮ ব.
০৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা (তীর কার্যালয়ের স্মারক নং- ৮০.০০.০০০০.১০৮.১২.০০৭.২২-৪৬, তারিখ: ০৩/০২/২০২২ খ্রি.-এর আলোকে সদয় অবগতির জন্য প্রেরিত হলো)।
- উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- উপসচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- সচিবের একান্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- জনাব মো: রেজাউল করিম খান, কম্পিউটার অপারেটর, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- অনুবিভাগ প্রধান (প্রশাসন ও মধ্যপ্রাচ্য)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ব্যক্তিগত নথি।
- সংশ্লিষ্ট নথি।